

সরকারি দপ্তর/ সংস্থায় বাস্তবায়িত 'উত্তম চর্চা/সৃজনশীল কর্ম পদ্ধতি/ইনোভেটিভ' বিষয়ক প্রতিবেদন

ক্রমিক নং	অফিসের নাম (উপজেলা পর্যায়)	উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্ম পদ্ধতি/উত্তম চর্চা'র নাম	উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্ম পদ্ধতি/উত্তম চর্চা'র সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্ম পদ্ধতি/উত্তম চর্চা'র কার্যক্রম শুরুর তারিখ
০১	উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়	মাধ্যমিক বিদ্যালয়ে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক ক্যাম্পেইনক্যাম্পেইন	এই কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ চেয়ারম্যান, ইউএনও, উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার এর সাথে সমন্বয়পূর্বক উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নির্বাচিত বিদ্যালয় সমূহে সংশ্লিষ্ট স্থানীয় টীম সদস্যবৃন্দকে সাথে নিয়ে কিশোর- কিশোরীর প্রজনন স্বাস্থ্য, ব্যক্তিগত পরিচ্ছন্নতা, বিজ্ঞানসম্মত মাসিক ব্যবস্থাপনা, টি টি টিকা, বাল্যবিবাহ ও এর ঝুঁকি, প্রজনন অংগসমূহের যত্ন ইত্যাদি বিষয়ে ক্যাম্পেইন পরিচালনা করবে। সাথে কার্যালয় এর একটি স্যাটেলাইট ক্লিনিক স্থাপন পূর্বক সরাসরি কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবা প্রদান করবে। এতে করে কিশোরীরা সঠিক ও আস্থাশীল মাধ্যমে এই স্পর্শকাতর বিষয়ে সঠিক জ্ঞান লাভ করতে পারবে, নিজেরা সুস্থ থাকবে, ও ভবিষ্যতে নিজেকে সুস্থ মা হিসেবে গড়ে তুলতে পারবে। সাথে সাথে ভবিষ্যতে পরিবার পরিকল্পনা সেবা গ্রহনকারীদের ড্রপ-আউট রোধ হবে যা এসডিজি ও ভিশন-২০৪১ অর্জনে সক্রিয় ভূমিকা পালন করবে।	১৩ আগস্ট, ২০১৭ তারিখ থেকে এই কর্মপদ্ধতির আওতায় এ পর্যন্ত ২৫টি মাধ্যমিক বিদ্যালয়ে ৩৫০০ জন শিক্ষার্থীর মাঝে প্রচারণা চালানো হয়েছে।



গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়
e-mail: ufpopanchgarhsadar@dgfp.gov.bd



স্মারক নং- উপপ/সদর/পঞ্চ/২০২১/---

তারিখ: ২৩ ডিসেম্বর, ২০২১ খ্রি:

বরাবর
উপপরিচালক,
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
পঞ্চগড়।

বিষয়: পঞ্চগড় সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় কর্তৃক গৃহীত ইনোভেশন উদ্যোগ
(শিরোনাম: মাধ্যমিক বিদ্যালয়ে কৈশোরকালীন প্রজননস্বাস্থ্য বিষয়ক ক্যাম্পেইন) সংক্রান্ত
প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বাস্তবায়িত ইনোভেশন উদ্যোগ সংক্রান্ত প্রতিবেদন মহোদয়ের সদয়
অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো

বিনীত নিবেদক

(সাবিহা কবীর)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
আই ডি – ৪৪০১২৮
পঞ্চগড় সদর, পঞ্চগড়